

ঢাবির ‘খ’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ আজ

সংবাদ : প্রতিনিধি, ঢাবি | ঢাকা, রোববার, ১৩ অক্টোবর ২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষে কলা অনুষদভুক্ত ‘খ’ ইউনিটের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষার ফল আজ দুপুর ১টায় প্রকাশ করা হবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে কেন্দ্রীয় ভর্তি অফিসে (কক্ষ নম্বর-২১৪) আনুষ্ঠানিকভাবে এই ফল প্রকাশ করবেন। গতকাল ঢাবির জনসংযোগ দফতর থেকে এক সংবাদ বিজ্ঞপ্তি পাঠিয়ে এসব তথ্য জানানো হয়।

এ বছুর খ-ইউনিটে ২ হাজার ৩৭৮টি আসনের বিপরীতে ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা ৪৫ হাজার ১৮ জন। প্রতিটি আসনে লড়েছেন ১৯ শিক্ষার্থী। গত ২১ সেপ্টেম্বর ???খ-ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ২১ দিন পর আজ ফল প্রকাশ করতে যাচ্ছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।